

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট

নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

ও
রিটার্নিং অফিসারের কার্যালয়
ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট-২০২৬

স্মারক নম্বরঃ ১৭.০৫.০০০০.০০০.৩৬.০০১.২৫-২৭

তারিখঃ ২৭ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
১১ জানুয়ারি ২০২৬ খ্রিঃ

গণ-বিজ্ঞপ্তি

এতদ্বারা বাগেরহাট জেলার ০৪ (চার) টি সংসদীয় আসনের নির্বাচনি এলাকার সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট-২০২৬ উপলক্ষ্যে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালা, ২০২৫ এর বিধি-১৮ অনুযায়ী কোনো নিবন্ধিত রাজনৈতিক দল কিংবা তৎকর্তৃক মনোনীত প্রার্থী বা স্বতন্ত্র প্রার্থী কিংবা তাদের পক্ষে অন্য কোনো ব্যক্তি ভোট গ্রহণের নির্ধারিত দিনের ০৩ (তিন) সপ্তাহ সময়ের পূর্বে কোন প্রকার নির্বাচনি প্রচার শুরু করিতে পারিবেন না এবং ভোটগ্রহণ শুরু হওয়ার ৪৮ (আটচল্লিশ) ঘণ্টা পূর্বে নির্বাচনি প্রচারণা সমাপ্ত করিবেন। গণভোট অধ্যাদেশ, ২০২৫ এর ধারা ১৮ এর বিধান অনুযায়ী কোনো নিবন্ধিত রাজনৈতিক দল কিংবা তৎকর্তৃক মনোনীত প্রার্থী বা স্বতন্ত্র প্রার্থী কিংবা তাদের পক্ষে অন্য কোনো ব্যক্তি উল্লিখিত সময়ের পূর্বে গণভোটের প্রচারণার সূত্র/আড়ালে জাতীয় সংসদ নির্বাচন সংক্রান্ত কোন প্রকার প্রচারণা না করার জন্য অনুরোধ জানানো যাইতেছে। অন্যথায়, নির্বাচনি আইন ও আচরণবিধি অমান্যকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে।


গোলাম মোঃ বাতেন

জেলা প্রশাসক, বাগেরহাট

ও

রিটার্নিং অফিসার

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট-২০২৬
E-mail: dcbagerhat@mopa.gov.bd

স্মারক নম্বর-১৭.০৫.০১০০.০০০.৩৬.০০১.২৫-

তারিখঃ ২৭ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
১১ জানুয়ারি ২০২৬ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

- ১। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, খুলনা।
- ৩। পুলিশ কমিশনার, খুলনা।
- ৪। পুলিশ সুপার, বাগেরহাট।
- ৫। জেলা নির্বাচন অফিসার, বাগেরহাট।
- ৬। জেলা তথ্য অফিসার, বাগেরহাট (ব্যাপক প্রচারের অনুরোধসহ)।
- ৭। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার (সকল), বাগেরহাট।
- ৮। উপজেলা নির্বাচন অফিসার (সকল), বাগেরহাট।
- ৯। অফিসার ইন-চার্জ (সকল), বাগেরহাট।
- ১০। সভাপতি/সম্পাদক, প্রেস ক্লাব, বাগেরহাট।
- ১১। জনাব.....।


জেলা প্রশাসক, বাগেরহাট

ও

রিটার্নিং অফিসার

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট-২০২৬
E-mail: dcbagerhat@mopa.gov.bd